

## আটঘরিয়ায় এক বছর বেতন পাচ্ছেন না ১৩২ জন শিক্ষক

■ আটঘরিয়া (পাননা) মহোদয়  
বেসরকারি রেভিনিউ প্রাথমিক বিদ্যালয়  
সরকারিকরণের পর প্রায় এক বছর  
যাবৎ পাননার আটঘরিয়া উপজেলার  
৩৩টি সরকারি হওয়া প্রাথমিক  
বিদ্যালয়ের ১৩২ জন শিক্ষক বেতন  
ভাতা পান না।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস  
সূত্রে জানা গেছে, সরকারি যোগনা  
অনুযায়ী আটঘরিয়া উপজেলায় প্রথম  
পর্যায়ে ৩২টি ও দ্বিতীয় পর্যায়ে ১টি  
রেভিনিউ বেসরকারি প্রাথমিক  
বিদ্যালয়কে সরকারিকরণের যোগনা  
দেয়া হয়। এ সব শিক্ষা প্রতিষ্ঠানে  
প্রধান শিক্ষকসহ ১৩২ জন শিক্ষক  
কর্মরত রয়েছেন।

উপজেলা প্রাথমিক শিক্ষক  
সমিতির সভাপতি ডে.এম রইচ উদ্দিন  
রবি জানান, পূর্বের বেতন ছেল  
অনুযায়ী বিগত আগষ্ট মাস থেকে  
ডিসেম্বর মাস পর্যন্ত এবং  
সরকারিকরণের গত আনুয়ারি মাস

থেকে সরকারিকরণের নতুন ছেল  
হিসাবে প্রায় ১ বছর যাবৎ তাদের  
বেতন ভাতা প্রদান করা হচ্ছে না।

হোমনার ১১১ শিক্ষক

বেতন পান না  
হোমনা (কুবিয়া) মহোদয়  
কুমিল্লার হোমনা উপজেলায়  
আতীয়করণকৃত ২৮টি সাবেক  
রেভিনিউ বেসরকারি প্রাথমিক  
বিদ্যালয়ের ১১১ জন শিক্ষক বেতন  
পান না। আতীয়করণের হোমনার এক  
বছর পার হতে চলেও শিক্ষকরা  
এখনো সরকারি বেতন-ভাতা পাননি।  
একনিক ডাঙ্গা রেভিনিউ বেসরকারি খাতা  
অবস্থায় যে ভাতা পেতেন সেটিও গত  
চার মাস যাবৎ বন্ধ রয়েছে। সর্বশেষ  
সরকারি ঘোষিত পত্রকরা ২০ তাগ  
মহার্য ভাতাও এসব শিক্ষকরা পাননি।  
বেতন না পাওয়া শিক্ষকরা পরিবার  
পরিজন নিয়ে মানবেতর জীবন-যাবন  
করছেন।